গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৮.১১.০০৩.১৭ -৬৭০ তারিখঃ ৩১/০৭/২০১৯খ্রিঃ

**বিষয়ঃ এম.পি.ওভুক্ত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত গত ১৩.১১.২০১১খ্রিঃ তারিখের পরে শ্রেণী শাখা/ট্রেড/স্পেশালাইজেশন অনুমোদনের বিপরীতে নিয়োগপ্রাপ্ত এম.পি.ওবিহীন শিক্ষক/প্রভাষকদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ ১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৪.০২.০১৪.১৭-৬৭ তারিখ- ২৫/০৩/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম শা:১৩/এমপিও-১২/২০০৯(অংশ)/৩৯৬ তারিখ-১৩/১১/২০১১খ্রিঃ মোতাবেক জারীকৃত প্রজ্ঞাপনে উল্লেখ রয়েছে-- "সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত এমপিও নির্দেশিকা ২০১০, এ যাই থাকুক না কেন পুনরাদেশ না দেয়া পর্যন্ত এই আদেশ জারীর পর হতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) অতিরিক্ত শ্রেণি/শাখা/বিভাগ খোলার ক্ষেত্রে উক্ত শ্রেণীশাখা/বিভাগের বিপরীতে নিযুক্ত শিক্ষকের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। তাদের বেতন-ভাতা সরকার বহন করবে না। ইতোপূর্বে যে সকল প্রতিষ্ঠানে শ্রেণীশাখা/বিভাগ খোলার অনুমোদন দেয়া হয়েছে সেক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না"। সে মোতাবেকে এমপিওভুক্ত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ১৩/১১/২০১১খ্রিঃ তারিখের পরে অনুমোদিত শ্রেণী শাখার বিপরীতে নিয়োগকৃত শিক্ষকদের এমপিও প্রদান করা হয়নি।

২। পরবর্তীতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০৩৩.২০১৮-৮৫৭ তারিখ-১৫/১১/২০১৮খ্রিঃ মোতাবেক ১৩/১১/২০১১খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের পর শ্রেণী শাখা/ট্রেড/স্পেশালাইজেশন অনুমোদনের বিপরীতে নিয়োগপ্রাপ্ত এম.পি.ওবিহীন এসএসসি (ভোকেশনাল) শাখায় ৪১ জন এবং এইচএসসি (বিএম) শাখায় ১৮৭ জন মোট ২২৮ জন শিক্ষকের এমপিওভুক্তিতে সম্মতি জ্ঞাপন করা হয়।

৩। উক্ত ২২৮ জন শিক্ষক ব্যতীত এম.পি.ওভুক্ত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত গত ১৩.১১.২০১১খ্রিঃ তারিখের পরে শ্রেণী শাখা/ট্রেড/স্পেশালাইজেশন অনুমোদনের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত এম.পি.ওবিহীন শিক্ষক/প্রভাষকদের এম.পি.ওভুক্তির প্রস্তাব প্রেরণের লক্ষ্যে সঠিক তালিকা প্রস্তুত করা প্রয়োজন।

৪। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি এম.পি.ওভুক্ত কারিগরি প্রতিষ্ঠান সমূহকে তাঁর প্রতিষ্ঠানে ১৩.১১.২০১১খ্রিঃ তারিখের পরে শ্রেণী শাখা/ট্রেড/স্পেশালাইজেশন অনুমোদনের বিপরীতে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত ও কর্মরত শিক্ষকের তালিকা সংযুক্ত ছকে অত্যাবশ্যকীয়ভাবে আগামী ৩০/০৮/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে Excel ফরমেটে Nikos ফন্টে সঠিকভাবে পূরণ পূর্বক সফটকপি এবং হার্ডকপি সরাসরি অধিদপ্তরের এম.পি.ও শাখায় নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ ১) তথ্য ছক - ১ কপি।
২) প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা- ০১ (এক) কপি।
৩) চাহিত তথ্যের Excel ফরমেটের সফটকপি।

স্বাক্ষরিত/=
(মোঃ জহরুল ইসলাম)
সহকারী পরিচালক (এম.পি.ও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক
বেসরকারি এম.পি.ওভুক্ত কারিগরি প্রতিষ্ঠান (সকল)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৮.১১.০০৩.১৭ -৬৭০(০৮) তারিখঃ ৩১/০৭/২০১৯খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৫। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ জহরুল ইসলাম)
সহকারী পরিচালক (এম.পি.ও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন এম.পি.ওভুক্ত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ১৩.১১.২০১১খ্রিঃ তারিখের পরে অনুমোদিত ট্রেড/স্পেশালাইজেশনে নিয়োগকৃত ও কর্মরত শিক্ষকদের এমপিওভুক্তির লক্ষ্যে সঠিকতা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের কাগজপত্রাদির তালিকাঃ**

১। কারিগরি শাখার (এসএসসি(ভোকেশনাল)/এইচএসসি(বিএম)/দাখিল (ভোকেশনাল) অনুমোদনের সরকারি আদেশ (জি.ও)।

২। প্রতিষ্ঠানের সর্বশেষ এমপিও শীট।

৩। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ট্রেড/স্পেশালাইজেশন অনুমোদনের পত্র (স্মারক ও তারিখসহ)।

৪। ট্রেড/স্পেশালাইজেশনের হালনাগাদ এফিলিয়েশন পত্র।

৫। সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগের জন্য একাধিক পত্রিকার বিজ্ঞপ্তির (১টি জাতীয় ও ১টি স্থানীয়) প্রমাণক।

৬। সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটির পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭। সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগের জন্য মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৮। সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগ পরীক্ষার মূল টেবুলেশন শীট (প্রযোজ্য ক্ষেত্রে)

৯। সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগ বাছাই কমিটির রেজুলেশন। (প্রযোজ্য ক্ষেত্রে)।

১০। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিয়োগ ও যোগদান অনুমোদনের রেজুলেশন।

১১। সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগ পত্র।

১২। সংশ্লিষ্ট শিক্ষকের যোগদান পত্র।

১৩। মহিলা কোটা পূরণের প্রমাণক (মোট শিক্ষক সংখ্যা ও তন্মধ্যে মহিলা শিক্ষক সংখ্যা ও তালিকা)।

১৪। সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগকালীন সময়ে অর্জিত শিক্ষাগত যোগ্যতার সকল সনদ।

১৫। সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগকালীন সময়ে অর্জিত প্রশিক্ষণ সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৫। সংশ্লিষ্ট শিক্ষকের নিবন্ধন সনদ।

১৬। NTRCA নিয়োগের ক্ষেত্রে:

(ক) NTRCA কর্তৃক প্রকাশিত গণ বিজ্ঞপ্তি।

(খ) প্রতিষ্ঠানে শুন্য পদের প্রমানক।

(গ) NTRCA কর্তৃক নিয়োগের সুপারিশ।।

(ঘ) আবেদনের কপি ।

(ঙ) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিয়োগের সুপরিশ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির অনুমোদনের পত্র।
(সংযুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাকাশিবো কর্তৃক বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের অনুমোদন পত্র)।

১৭। প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্ত সকল শিক্ষক কমর্চারীর নামের তালিকা।

১৮। সংশ্লিষ্ট ট্রেড/স্পেশালাইজেশন বিগত ০৩ বছরের ছাত্র-ছাত্রীদের ভর্তি কৃত ছাত্র/ছাত্রীর সংখ্যা (RIF)।

১৯। সংশ্লিষ্ট ট্রেড/স্পেশালাইজেশন বিগত ০৩ বছরের ছাত্র-ছাত্রীদের অনলাইন ফলাফলের কপি (বোর্ড কর্তৃক প্রদত্ত)।

২০। প্রতিষ্ঠানের মামলা নেই মর্মে প্রত্যয়ন (সভাপতি ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত)

**বি: দ্র: উপরোক্ত কাগজপত্রাদির ০১(এক) সেট হার্ডকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়ন পূর্বক মূল তালিকার সাথে আগামী [illegible]/০৮/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অধিদপ্তরের এম.পি.ও শাখায় জমা প্রদান করতে হবে।**

## তথ্য ছক

### কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি এম.পি.ওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ১৩.১১.২০১১খ্রিঃ তারিখের পরে অনুমোদিত ট্রেড/স্পেশালাইজেশনে নিয়োগকৃত শিক্ষকের তথ্য ছক

প্রতিষ্ঠানের নাম : ……………………………………………………………………………………………………………………………

থানা/উপজেলা: …………………………………… জেলা: …………………………………………………… বিভাগ: ………………………………………

প্রতিষ্ঠানের কোড: ……………………………………………… EIIN No: ……………………………………………… MPO কোড: ………………………………………

প্রতিষ্ঠানের ধরণ : স্বতন্ত্র / সংযুক্ত

মন্ত্রণালয় কর্তৃক এম.পি.ও আদেশের স্মারক নং: ………………………………………………………………… তারিখ: ……………………………

বাকাশিবো কর্তৃক ১৩/১১/২০১১খ্রিঃ তারিখের পরে অনুমোদিত ট্রেড/স্পেশালাইজেশন এর তথ্য:

| ট্রেড/স্পেশালাইজেশনের নাম | বাকাশিবো স্মারক | তারিখ |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

| ক্রমিক নং | নাম | পদবী | বিষয় | NTRCA রোল নং (প্রযোজ্য ক্ষেত্রে) | জন্ম তারিখ | পদের প্রাপ্যতা (আছে/নাই) | জনবল কাঠামো অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) | NTRCA এর মাধ্যমে যথাযথভাবে নিয়োগপ্রাপ্ত কিনা? (প্রযোজ্য ক্ষেত্রে) | বাকাশিবো কর্তৃক নিয়োগ বাছাই কমিটির প্রমাণক | ডিজি প্রতিনিধির প্রমাণক | বোর্ড প্রতিনিধির প্রমাণক | বিষয় বিশেষজ্ঞ | পত্রিকার বিজ্ঞপ্তির প্রমাণক | নিয়োগের রেজুলেশন | মূল টেবুলেশন শীট (আছে/নাই) | মহিলা কোটা পূরণ (আছে/নাই) | নিয়োগের তারিখ | যোগদানের তারিখ | নিয়োগকালীন ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উলেখ করুন ও প্রমাণক সংযুক্ত করুন | সংশ্লিষ্ট ট্রেড/স্পেশালাইজেশনে শিক্ষার্থী সংখ্যা (নবম+দশম/ একাদশ+দ্বাদশ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
| | | | | | | | সকল শিক্ষাগত যোগ্যতা, পাশের সন, বিভাগ ও ফলাফল উল্লেখ করুন | অভিজ্ঞতার বিবরণ দিন | প্রশিক্ষণের নাম ও প্রতিষ্ঠানের নাম লিখুন | NTRCA এর মাধ্যমে নিয়োগের তথ্যসমূহ লিখুন | বাছাই কমিটির পত্রের স্মারক নং ও তারিখ লিখুন | প্রতিনিধির পত্রের স্মারক নং, তারিখ, প্রতিনিধির নাম ও পদবী উল্লেখ করুন | প্রতিনিধির পত্রের স্মারক নং, তারিখ, প্রতিনিধির নাম ও পদবী উল্লেখ করুন | বিষয় বিশেষজ্ঞের নাম ও পদবী উল্লেখ করুন | পত্রিকার নাম ও বিজ্ঞাপনের তারিখ লিখুন | নিয়োগ বাছাই কমিটির রেজুলেশনের তারিখ লিখুন | | পুরুষ ও মহিলা শিক্ষকের সংখ্যা লিখুন | | | | ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী, পরীক্ষার্থীর সংখ্যা ও পাশের সংখ্যা উল্লেখ করুন ও বোর্ডের ফলাফল সংযুক্ত করুন | |
| ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

সভাপতির স্বাক্ষর